# Programming Essentials

Subject Code: 66631

# ২.১ পাইথনের ইতিহাস

- **পাইথন কী?**
  পাইথন একটি হাই লেভেল, অবজেক্ট অরিয়েন্টেড,জেনারেল পারপাস, ইন্টারপ্রিটেড, ইন্টারঅ্যাক্টিভ, সহজবোধ্য উদ্দেশ্যকেন্দ্রিক ও উচ্চমানের প্রোগ্রমিং ল্যাংগুয়েজ।
- **পাইথনের জনক কে?**
  পাইথনের জনক হলো নেদারল্যান্ডের সিডব্লিউআই'র গবেষক Guido Van Rossum.
- **পাইথন কবে প্রথম রিলিজ হয়?**
  ১৯৮৯ সালের ডিসেম্বর মাসে বড়দিনের ছুটিতে পাইথন তৈরি করা শুরু হয় এবং ১৯৯১ সালে এটি প্রথম পাবলিশ করা হয়।
- **পাইথনের মোট ভার্সন কয়টি ও কী কী?**
  পাইথনের দুটি ভার্সন রয়েছে, যথা- পাইথন 2.x এবং পাইথন 3.x
- **পাইথন ব্যবহার করে এমন কয়েকটি বিশ্বখ্যাত কোম্পানির নাম লেখ?**
  পাইথন ব্যবহার করে এমন কয়েকটি বিশ্বখ্যাত কোম্পানির নাম হলোঃ গুগল, নাসা, ইউটিউব, ড্রপবক্স, ফেসবুক, মজিলা ইত্যাদি।
- **প্রোগ্রামিং ল্যাংগুয়েজ হিসেবে পাইথন নামকরণের কারণ কী?**
  নেদারল্যান্ডের সিডব্লিউআই'র গবেষক ও পাইথনের জনক Guido Van Rossum-এর খুব পছন্দের একটি ব্রিটিশ টিভি শো 'Monty Python Flying Circus' এর নামানুসারে পাইথনের নামকরণ করা হয়।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

## ২.১ পাইথনের ইতিহাস

### এক নজরে পাইথন ব্যাখ্যা কর?

| | |
|---|---|
| সর্বপ্রথম প্রকাশ | ২০-০২-১৯৯১ |
| প্যারাডাইম | মাল্টি প্যারাডাইম |
| জনক | গুইডো ভ্যান রোসাম |
| ডেভেলপার | পাইথন সফটওয়্যার ফাউন্ডেশন |
| অধুনা | ৩.৬.৩/০৩-১০-২০১৭ |
| টাইপিং ডিসিপ্লিন | কঠোর,চলমান ("ডাক টাইপিং") |
| প্রধান বাস্তবায়নসমূহ | সিপাইথন, জাইথন, আয়রন পাইথন, পাইপাই |
| যার দ্বারা প্রভাবিত | এবিসি, সি,হ্যাস্কেল, আইকন, লিস্প,মডুলা-৩, পার্লজাভা |
| বৈধপত্র | পাইথন সফটওয়্যার ফাউন্ডেশন লাইসেন্স |
| ওয়েবসাইট | http://www.python.org |



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

# ২.২ পাইথনের বিশিষ্ট

## ❑ল্যাংগুয়েজ হিসেবে পাইথন এত জনপ্রিয় কেন?

ল্যাংগুয়েজ হিসেবে পাইথন জনপ্রিয় হবার কারণগুলো নিম্নরুপঃ

- ►পাথইন একটি সহজবোধ্য প্রোগ্রামিং ল্যাংগুয়েজ,
- ►পাইথনে কোডিং করা খুব সহজ,
- ►এর কোডিং সি বা জাভার চেয়ে তুলনামূলক অনেক ছোট হয়,
- ►পাথনকে বিনামূল্যে ডাউনলোড করা যায় ও সহজে ইন্সট্রল করা যায়,
- ►পাইথনে লিস্ট, ডিকশনারি ও সেটের মতো চমৎকার সব ডাটা স্ট্রাকচার রয়েছে,
- ►বিভিন্ন অপারেটিং সিস্টেম পাইথন ব্যবহার করা যায়,
- ►বিশাল ও কার্যকর স্ট্যান্ডার্ড লাইব্রেরি রয়েছে,
- ►শক্তিশালী অনলাইন কমিউনিটি,
- ►চমৎকার ওয়েভ ফ্রেমওয়ার্ক (জ্যাঙ্গো, ফ্লাস্ক ইত্যাদি) বিদ্যমান,
- ►উইন্ডোজ ছাড়া মোটামুটি অন্য সব অপারেটিং সিস্টেমে যেমন- লিনাক্স ও ম্যাক অপারেটিং সিস্টেম পাইথন বিল্ট-ইন থাকে। অর্থাৎ আলাদাভাবে ইনস্টল করতে হয় না।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

# ২.২ পাইথনের বিশিষ্ট

**❑ পাইথনের উল্লেখ্যযোগ্য ব্যবহারিক ক্ষেত্রসমূহ উল্লেখ্য কর?**

পাইথনের উল্লেখ্যযোগ্য ব্যবহারিক ক্ষেত্রসমূহ হলোঃ

- ওয়েভভিত্তিক সফটওয়্যার তৈরিতে,
- অটোমেশন সফটওয়্যার নির্মাণ,
- বায়ো-ইনফরমেটিকস,
- মেশিন লার্নিং,
- তথ্য বিশ্লেষণ,
- ন্যাচারাল ল্যাংগুয়েজ প্রসেসিং,
- গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস তৈরিতে,
- ডাটাবেস অ্যাপ্লিকেশন,
- ডিস্ট্রিবিউটেড প্রোগ্রামিং,
- ইন্টারনেট স্ক্রিপ্টিং,
- সাইবার সিকিউরিটি,
- ইমিউনিটি সিকিউরিটি টুলস,
- কোর সিকিউরিটি টুলস,
- ওয়েব অ্যাপ্লিকেশন সিকিউরিটি স্ক্যানার ইত্যাদি।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

## ২.৩ পাইথন প্রোগ্রামের স্ট্রাকচার

- **পাইথন প্রোগ্রাম স্ট্রাকচারের উল্লেখযোগ্য অংশসমূহ কী কী?**

পাইথন প্রোগ্রাম স্ট্রাকচারের উল্লেখ্যযোগ্য অংশসমূহ হচ্ছে–

- ►ইমপোর্ট স্টেটমেন্টস,
- ►ফাংশন ও ক্লাস ডেফিনিশন,
- ►মডিউল স্কোপ ভেরিয়েবলস্,
- ►মেইন প্রোগ্রাম।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

# ২.৪ পাইথনে ব্যবহৃত আইডেন্টিফায়ার ও কীওয়ার্ডসমূহ

- **পাইথনে আইডেন্টিফায়ার বলতে কী বুঝায়?**

  পাইথনে ব্যবহৃত ভেরিয়েবল, কনস্ট্যান্ট, ক্লাস, মডিউল, ফাংশন বা অন্যন্য সকল অবজেক্ট আইডেন্টিফাই করার জন্য যে নাম বা শব্দ ব্যবহার করা হয়, তাই পাইথন আইডেন্টিফায়ার।

- **কী-ওয়ার্ড বলতে কী বুঝায়?**

  কী-ওয়াড হলো কতগুলো সংরক্ষিত শব্দ, কম্পাইলারের নিকট যাদের বিশেষ অর্থ রয়েছে এবং যাদেরকে কোনো ভেরিয়েবল, কনস্ট্যান্ট, ফাংশন, মডিউল কিংবা অবজেক্টের নাম হিসেবে ব্যবহার করা যায় না।

- **পাইথনে ব্যবহৃত কী-ওয়ার্ড সংখ্যা কত?**

  পাইথনে (ভার্সন-৩) মোট ৩৩টি কী-ওয়ার্ড ব্যবহৃত হয়।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

## ২.৫ পাইথনে ব্যবহৃত লাইন

- **পাইথনে লাইন বলতে কী বুঝায়?**

  পাইথন প্রম্পট (>>>) এর ডানে লিখিত প্রতিটি স্টেটমেন্টকেই লাইন বলে।

- **পাইথনকে জেনারেল পারপাস ল্যাংগুয়েজ বলা হয় কেন?**

  পাইথনকে জেনারেল পারপাস ল্যাংগুয়েজ বলা হয় কারণঃ পাইথন এমন এক প্রকার ল্যাংগুয়েজ যা দিয়ে যে-কোনো ধরনের সমস্যার সমাধান করা যায়। যেমন - ওয়েভ প্রোগ্রামিং গ্রাফিক্স ইউজার ইন্টারফেস, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, সিস্টেম প্রোগ্রামিং, নেটওয়ার্ক প্রোগ্রামিং ইত্যাদি।



MST. SATHI AKTER
*Instructor of Computer Technology*
*Daffodil Polytechnic Institute*

# Thank You